যায়যায়দিন

তারিখ AUG. 15 2006
পৃষ্ঠা ১১ কলাম ৬

খুলনার সরকারি এমএম সিটি কলেজ

# নবীন শিক্ষার্থীদের ক্যাম্পাস থেকে বের করে তালা ঝুলিয়ে দিল ছাত্র ঐক্য

খুলনা অফিস



অধ্যক্ষসহ চার শিক্ষকের কলেজ থেকে প্রত্যাহার এবং ক্যাম্পাসকে পুলিশ মুক্ত করার দাবিতে খুলনার সরকারি এমএম সিটি কলেজের সর্বদলীয় ছাত্র ঐক্য পরিষদ অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দিয়েছে। সোমবার থেকে শুরু হওয়া ছাত্র ধর্মঘটের প্রথম দিনে তারা কলেজ থেকে ছাত্রছাত্রীদের বের করে দিয়ে সব ভবনে তালা ঝুলিয়ে দেয়। ধর্মঘটের কারণে একাদশ শ্রেণীর প্রথমবর্ষের প্রথম দিনের ক্লাস হয়নি। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

সূত্র জানিয়েছে, এমএম সিটি কলেজে এইচএসসি প্রথমবর্ষে ৭০০ ছাত্রছাত্রী ভর্তির জন্য যশোর বোর্ড নির্ধারণ করে দেয়। কিন্তু ছাত্র সংগঠনগুলো এ সংখ্যা আরো ২০০ বাড়িয়ে ৯০০ ছাত্রছাত্রী ভর্তি করার দাবি জানায়। এক পর্যায়ে ছাত্রদল, ছাত্রলীগ ও ছাত্রশিবির সর্বদলীয় ছাত্র ঐক্য গঠন করে আন্দোলন শুরু করলে কলেজ কর্তৃপক্ষ পুলিশি সহায়তায় ভর্তি কার্যক্রম শেষ করে।

সোমবার থেকে প্রথমবর্ষের প্রথম দিনের ক্লাস শুরু হওয়ার প্রাক্কালে সকাল পৌনে ৯টায় ছাত্র ঐক্যের নেতাকর্মীরা কলেজে ঢুকে ক্যাম্পাসে অবস্থানরত সব ছাত্রছাত্রীকে বের করে দেয়। এরপর তারা একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, লাইব্রেরি ও মূল প্রবেশপথের কলাপসিবল গেটে তালা ঝুলিয়ে দেয়। ছাত্র ঐক্যের নেতারা কলেজ অধ্যক্ষ হোসনে আরা বেগম, সহকারী অধ্যাপক মোস্তফা জামান, আফজালুর রহমান এবং এমএ আজিজ-এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনে অবিলম্বে তাদের কলেজ থেকে প্রত্যাহারের দাবি জানায়। তারা কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েনেরও তীব্র নিন্দা জানায়। এ সময় কলেজের শিক্ষকরা ছাত্রনেতাদের সঙ্গে সমঝোতার চেষ্টা চালালেও সে উদ্যোগ সফল হয়নি। সকাল সাড়ে ১০টায় সর্বদলীয় ছাত্র ঐক্য ক্যাম্পাসে প্রতিবাদ সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল সভাপতি মাকসুদ আহম্মেদ সুমন, ছাত্রলীগ সভাপতি দেব দুলাল বাড়ই বাপ্পী, ছাত্রশিবিরের সভাপতি হাসবিল্লাহ মুক্তা প্রমুখ।